সংবাদ

তারিখ: 27 AUG 2013
পৃষ্ঠা: ১৬

# ড্রেস কোড না মানায় নিজেই ছাত্রদের চুল কেটে দিলেন অধ্যক্ষ

জেলা বার্তা পরিবেশক, বরিশাল

নিজের করা ড্রেস কোড অনুযায়ী মাথার চুল না কাটায় বরিশাল নগরীর মডেল স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ মেজর মাসুদ রানা নিজেই কাঁচি নিয়ে পরীক্ষার হলে ঢুকে ছাত্রদের মাথার চুল যথেচ্ছভাবে কেটে ফেলেছেন। গতকাল সকালে প্রতিষ্ঠানটিতে এইচএসসির প্রিটেস্টের বাংলা পরীক্ষার সময় এ ঘটনা ঘটে।

ঘটনার খবর জানতে পেরে শিক্ষার্থীদের অভিভাবকরা ও সাংবাদিকরা শিক্ষা প্রতিষ্ঠানে যান। কিন্তু প্রতিবাদ জানালে বহিষ্কার করা হবে বলে কেউই ঘটনার প্রতিবাদ জানাতে

ড্রেস : পৃষ্ঠা ২ ক : ১

## ড্রেস : না মানায়

(১৬ পৃষ্ঠার পর)

সাহসী হয়নি। নাম প্রকাশে অনিচ্ছুক শিক্ষার্থীরা জানিয়েছেন, অধ্যক্ষ নিজে পরীক্ষা চলাকালে পরীক্ষার হলে কাঁচি নিয়ে ঢুকে এ কাজটি করেন। এ সময়ে অনেক শিক্ষার্থীকেই নিজেদের মাথা রুমাল দিয়ে ঢেকে সেলুনে যেতে দেখা গেছে।

এ ব্যাপারে অধ্যক্ষ নিজেই এ কাজটি করেছেন বলে স্বীকার করে গর্বের সঙ্গেই বলেন, ড্রেস কোড মানানোর জন্য তিনি পূর্বাহ্নে নোটিস দিয়ে অতীতেও একই কাজ করেছেন। তিনি বলেন, এ ছাত্ররা শিক্ষার্থী হওয়া সত্ত্বেও নায়কদের মতো লম্বা লম্বা চুল রেখে প্রতিষ্ঠানটির শৃঙ্খলা ভঙ্গ করেছে। তাই বাধ্য হয়েই তিনি নিজেই কাজটি করেছেন।

শিক্ষা প্রতিষ্ঠানটির পরিচালনা কমিটির সভাপতি বরিশালের বিভাগীয় কমিশনার মো. নুরুল আমিন জানিয়েছেন, ঘটনার ব্যাপারে কোন শিক্ষার্থী বা তাদের অভিভাবক তার কাছে অধ্যক্ষের বিরুদ্ধে কোন অভিযোগ করেনি। অধ্যক্ষ তার প্রতিষ্ঠানের শৃঙ্খলা রক্ষার জন্য ব্যবস্থা গ্রহণ করতে পারেন। অবশ্য তিনি বলেন, অধ্যক্ষ কোনক্রমেই শিক্ষার্থীদের নির্যাতনবিরোধী আইনকে লঙ্ঘন করতে পারেন না। তাকে শৃঙ্খলা রক্ষা করার জন্য পূর্বাহ্নে অবশ্যই সংশ্লিষ্ট শিক্ষার্থীদের সতর্ক করতে হবে।